# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-02-2025 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) সামাজিক ক্ষেত্রকে অবহেলা না করেই রাজ্যের পরিকাঠামো ও মানব সম্পদ উন্নয়নকে সামনে রেখে, এবারের রাজ্য বাজেট তৈরি করা হয়েছে বলে অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বিধানসভায় জবাবী ভাষণে জানিয়েছেন।

২) বিজেপি পরিষদীয় দল বিধানসভার রেকর্ড থেকে মুখ্যমন্ত্রীর মৃত্যু কুম্ভ শব্দটি বাদ দেওয়ার জন্য আবেদন জানিয়ে রাজ্যপালকে স্মারকলিপি দিয়েছে।

মহাকুম্ভ মেলাকে মুক্তির মেলা বলে বর্ণনা করেছেন রাজ্যপাল।

৩) রাজ্য সরকার স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে বদ্ধ পরিকর বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

রাজ্যে গ্রামীণ স্বাস্থ্যের উন্নয়নে ১২ হাজার সুস্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলা হবে।

৪) নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হচ্ছে।

৫) জোড়া ঘূর্ণাবর্তের প্রভাবে আগামী রবিবার পর্যন্ত রাজ্যের বিস্তীর্ণ অংশে বৃষ্টির পূর্বাভাষ আবহাওয়া দফতরের।

oooooooooooooooooooooooooo

সামাজিক ক্ষেত্রকে অবহেলা না করেই রাজ্যের পরিকাঠামো ও মানবসম্পদ উন্নয়নকে সামনে রেখে এবারের রাজ্য বাজেট তৈরি করা হয়েছে বলে অর্থ দফতরের প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন। বিধানসভায় দুদিনের বাজেট বিতর্কের শেষে গতকাল জবাবি ভাষণে তিনি দাবি করেন এবারের রাজ্য বাজেটের অভিমুখ দৃষ্টান্ত সৃষ্টিকারী। অর্থ প্রতিমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকারের বঞ্চনা সত্ত্বেও বাজেটে সাধারণ মানুষের জীবনকে সুগম করার পথ নির্দেশিকা দেওয়া হয়েছে। সেই কারণে একদিকে যেমন রাজ্য বাজেটে মূলধনী খাতে ব্যয় বাম আমলের তুলনায় এবার প্রায় সাড়ে চারশ গুণ বেড়ে ৬৬ দশমিক ৬৫ কোটি টাকা হচ্ছে। তেমনি সামাজিক প্রকল্প খাতে বরাদ্দ ২০১১ সাল থেকে ১৪ গুণেরও বেশি বাড়ানো হয়েছে। নারীদের সুরক্ষা ও সামাজিক উন্নয়নেও বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে বলে তিনি জানান। রাজ্য বাজেট নিয়ে বিরোধীদের সমালোচনা খণ্ডন করে তিনি বলেন যারা রাজ্য সরকারের প্রকল্পের সমালোচনা করছেন তারাও এইসব প্রকল্পের সুবিধা নিতে ছাড়ছেন না।

অর্থ প্রতিমন্ত্রী অভিযোগ করেছেন যে স্বাস্থ্য, শিক্ষা নারী সুরক্ষার মতো গুরুত্বপূর্ণ খাতে কেন্দ্রীয় বরাদ্দ বন্ধ রয়েছে। রাজ্য সরকার নিজের কোষাগার থেকে অর্থ বরাদ্দ করে প্রকল্পগুলি চালিয়ে যাচ্ছে। একশো দিনের টাকা না পাওয়ার জন্য রাজ্যে বহু ভুয়ো জব কার্ড থাকার বিরোধীরা অভিযোগ খন্ডন করে অর্থ প্রতিমন্ত্রী ।

এর আগে বাজেট বিতর্কে অংশ নিয়ে বিরোধী পক্ষের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ, স্বাস্থ্য, শিক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে রাজ্য সরকারের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ তোলেন। আলোচনা শেষে বিধানসভায় বাজেট প্রস্তাব গৃহীত হয়।

oooooooooooooooooooooooo

বিজেপি বিধায়ক হিরন্ময় চট্টোপাধ্যায়, অভিনেতা হিরনের বিরুদ্ধে বিধানসভায় স্বাধীকার ভঙ্গের অভিযোগে আনা হয়েছে। মুখ্যমন্ত্রী ও রাজ্য সরকারের বিরুদ্ধে ভুল ও অবমাননাকর তথ্য বিধানসভায় পেশ করার জন্য খড়্গপুর এর বিধায়কের বিরুদ্ধে স্বাধীকার ভঙ্গের নোটিশ আনেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য। অধিবেশনের দ্বিতীয়ার্ধে নোটিশ গ্রহণ করা হয়।

হিরন্ময় চট্টোপাধ্যায়কে তার স্বপক্ষে নথি  জমা দিতে বলা হয়েছে।

oooooooooooooooooooooooo

শিক্ষানীতিতে বদল আনার নাম করে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগের ক্ষমতা কেন্দ্রীয় সরকার কুক্ষিগত করতে চাইছে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু অভিযোগ করেছেন। এছাড়া কলেজে শিক্ষক নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার যে খসড়া ইউজিসি তৈরি করেছে তাও বাতিলের দাবি জাযনিয়েছেন তিনি। এই মর্মে একটি প্রস্তাব গতকাল রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে। প্রস্তাবের উপর আলোচনায় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন, কেন্দ্রের বিজেপি সরকার শিক্ষা ব্যবস্থা নিজেদের হাতে কুক্ষিগত করতে চাইছে। তাই নিয়োগ সংক্রান্ত নতুন খসড়া তৈরি করা হয়েছে।

আলোচনার পর বিরোধীশূন্য বিধানসভায় প্রস্তাবটি গৃহীত হয়।

oooooooooooooooooooooooo

বিরোধী দলনেতা সহ চার বিধায়ককে বিধানসভা থেকে সাসপেন্ড করার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল গতকাল রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে স্মারকলিপি জমা দিয়েছে। পাশাপাশি বিধানসভার রেকর্ড থেকে মুখ্যমন্ত্রীর মৃত্যু কুম্ভ শব্দটি বাদ দেওয়ার জন্যও অধ্যক্ষকে নির্দেশ দিতে রাজ্যপালের কাছে আবেদন জানানো হয়েছে ওই স্মারকলিপিতে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মুখ্যমন্ত্রীর ওই মন্তব্যের সমালোচনা করে সাংবাদিকদের বলেন

(বাইট – শুভেন্দু)

মুখ্যমন্ত্রী বিধানসভায় মহাকুম্ভের অব্যবস্থাকে মৃত্যুকুম্ভ বলে উল্লেখ করেছেন, ধর্মীয় রীতিকে নয়, গতকাল এক সাংবাদিক সম্মেলনে তৃণমূলের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ একথা বলেন।

(বাইট – কুনাল)

oooooooooooooooooooooooo

এদিকে, রাজ্যপাল সিভি আনন্দ বোস উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ মেলাকে মুক্তির মেলা হিসেবে অভিহিত করেছেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সম্প্রতি রাজ্য বিধানসভায় এই মেলাকে মৃত্যু মেলা বলে যে দাবি করেছিলেন, তার প্রেক্ষিতে রাজ্যপাল তার প্রতিক্রিয়া ব্যক্ত করেন। কুম্ভ মেলাকে ভারতের মহান ঐতিহ্য বলেও উল্লেখ করেছেন তিনি।

(বাইট – রাজ্যপাল)

oooooooooooooooooooooooo

কলকাতা পুরসভায়  গতকাল ২০২৫ -২০২৬ অর্থবর্ষের ব্যয় বরাদ্দের বাজেট পেশ করা হয়। পুর  ভবনে  এই বাজেট পেশ করেন মেয়র ফিরহাদ হাকিম।

এবারের বাজেটে ঘাটতির পরিমাণ ১১৪ কোটি ৭২ লক্ষ টাকা। গত আর্থিক বছরে এই ঘাটতির পরিমাণ ছিল ১১২ কোটি টাকা। অর্থাৎ চলতি অর্থবর্ষে ঘাটতি বেড়ে দাঁড়িয়েছে ২ কোটি ৭২ লক্ষ টাকা। বাজেটে নূতন কোন কর প্রস্তাব রাখা হয়নি।

শহরবাসীর জন্য আরো উন্নত পরিষেবা দেওয়ার লক্ষ্যে পরিশ্রুত জল সরবরাহ ,নিকাশি, সড়ক উন্নয়ন ও সংরক্ষণ ,উত্তরণ পরিষেবা বা বস্তি পরিষেবা, বর্জ্য ব্যবস্থাপনা

,বাণিজ্যিক প্রকল্প খাতে ব্যয় বরাদ্দ বাজেটে  বাড়ানো হয়েছে বলে মেয়র জানিয়েছেন। বিরোধীরা এই বাজেটের সমালোচনা করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩-শে ফেব্রুয়ারি আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১১৯**তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল **১১**-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে বদ্ধপরিকর বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আবারো জানিয়েছেন। গতকাল নিউটাউনে এক হাজার **১০০** শয্যার  একটি সুপার স্পেশালিটি হাসপাতালের শিলান্যাস করে বলেন গত কয়েক বছরে রাজ্য সরকার স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নেওয়ায় স্বাস্থ্য পরিষেবা আরও উন্নত হয়েছে। স্বাস্থ্য সাথী কার্ড মহিলাদের ক্ষমতায়নে সহায়ক হয়েছে বলেও তিনি উল্লেখ করেন ।

গ্রামীণ স্বাস্থ্যের উন্নয়নে আগামী বছর রাজ্যে আরও বারো হাজার সুস্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। সরকার মাতৃহারা নবজাতকদের জন্য মধুর স্নেহ নামে একটি প্রকল্প চালু করেছে বলেও তিনি জানান।

(বাইট - মুখ্যমন্ত্রী)

উল্লেখ্য, রাজ্য সরকারের দেওয়া সাত দশমিক দুই ছয় একর জমির উপরে এই হাসপাতালটি তৈরির জন্য সংস্থা দেড় হাজার কোটি টাকা বিনিয়োগ করবে। প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে এখানে দশ হাজার মানুষের কর্মসংস্থান হবে।

oooooooooooooooooooooooo

বিএসএফ ও বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবির ডিরেক্টর জেনারেল স্তরে ৫৫ তম শীর্ষ বৈঠক গতকাল নতুন দিল্লীতে শেষ হয়েছে। বৈঠকে অনুপ্রবেশ, সীমান্তে কাঁটাতার দেওয়া, সীমান্ত লাগোয়া অঞ্চলে অপরাধ, পাচার সহ একাধিক বিষয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে। বি এস এফের মহা নির্দেশক দলজিৎ সিং চৌধুরী এবং বিজিবির মহানির্দেশক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী এই বৈঠকের নেতৃত্ব দেন। বৈঠক শেষে এক যৌথ বিবৃতিতে জানানো হয়, বাংলাদেশ থেকে বি এস এফ জওয়ানদের ওপর দুষ্কৃতী হামলার ঘটনা কমাতে দুই দেশ ব্যবস্থা নেবে। মহানির্দেশক দলজিৎ সিং চৌধুরী জানান, গত বছর ৫-ই আগস্ট থেকে ভারত - বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশের ঘটনা কমেছে। সীমান্তে অত্যাধুনিক নজরদারি ব্যবস্থার কারণে বেআইনি কার্যকলাপ কম হচ্ছে।

oooooooooooooooooooooooo

রাজ্য পুলিশের এস টি এফ নদীয়া থেকে জঙ্গি সন্দেহে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে। ধৃত বিপ্লব বিশ্বাস, ওরফে আব্দুল্লা বাংলাদেশের আনসারুল্লা জঙ্গী গোষ্ঠীর সঙ্গে যুক্ত। ধৃত জঙ্গি শাদ রাদিকে জিজ্ঞাসাবাদ করে এই বিপ্লব বিশ্বাসের খোঁজ মেলে। গতকাল তাকে আদালতে তোলা হলে ৩ দিনের এস টি এফ হেফাজত হয়েছে।

oooooooooooooooooooooooo

জোড়া ঘূর্ণাবর্ত এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় অকাল বর্ষণে আলু সহ বিভিন্ন ফসলের ক্ষয়-ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। আলিপুর আবহাওয়া দফতর আগামী রবিবার ২৩-শে ফেব্রুয়ারী পর্যন্ত পশ্চিম ও দক্ষিণের জেলাগুলিতে ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করেছে।

রাজ্যের অধিকাংশ জেলায় আজও বৃষ্টির সম্ভাবনা বলে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্তে জানিয়েছে।

অসময়ের এই বৃষ্টিতে গরমের হাত থেকেও কিছুটা স্বস্তি মিলেছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৮ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ১ ডিগ্রী কম। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৪৭ দশমিক সাত মিলিমিটার।

পূর্ব বর্ধমানের বিভিন্ন জায়গায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং বেশকিছু জায়গায় শিলাবৃষ্টির দরুণ শস্য গোলার কৃষকদের মাথায় হাত। আলু,সরষে, গম ও পেয়াজ চাষে ব্যাপক ক্ষতির আশঙ্কা করছেন তাঁরা।

বাঁকুড়ার বড়জোড়া, সোনামুখীর মানাচর সহ কোতোলপুর ও ইন্দাস ব্লকের বিস্তীর্ণ এলাকায় আলু চাষিরা ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করছেন।

oooooooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হচ্ছে। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তৎকালীন পূর্ব পাকিস্তানে উর্দূ ভাষা চাপিয়ে দেওয়ার প্রতিবাদে ও বাংলা ভাষার রক্ষার দাবিতে ঢাকা শহরে ছাত্রদের প্রবল বিক্ষোভ আন্দোলন চলাকালীন পুলিশের গুলিতে শহীদ হন ছাত্র রফিক উদ্দিন আহমেদ, আবুল বরকত, মহম্মদ সালাউদ্দিন, গ্রামীন কবি আবদুল জব্বর, আব্দুস সালাম সহ বেশ কয়েক জন। ১৯৯৯ সালের ১৭ই নভেম্বর রাষ্ট্রসংঘ প্রতি বছর ২১ ফেব্রুয়ারি দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দেয়।

রাজ্যের বিভিন্ন অংশে দিনটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের প্রস্তুতি নেওয়া হয়েছে। রাজ্য সরকারের তরফে মূল অনুষ্ঠানটি হবে দক্ষিণ কলকাতার দেশপ্রিয় পার্কে। সেখানে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা। বিড়লা তারামণ্ডলের বিপরীতে ভাষা শহিদ স্মারকে পুষ্পার্ঘ নিবেদন করে শ্রদ্ধা জানাবেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম। একটি প্রতিবেদন-

অভিজিৎ ভিসি

OOOOOOOOOOOOOOOOOOOOOOOO

OOOOOOOOOOOOOOOOOOOOOOOO